W.B.P. FORM NO. 27

# FIRST INFORMATION REPORT

02005

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. BANKURA Sub-Divn. KHATRA P.S. KHATRA Year 2023 FIR No 05/23 Date 07.01.2023
2. (I) Act IPC Sections 406/420/467/468 Act 471 Sections X
   (ii) Act X Sections X Other Acts & Sections X
3. (a) General Diary Reference : Entry No. 281 Time 15.15hrs
   (b) Occurrence of Offence : Day SATARDAY Date 23.03.22 Time NOT NOTED
   (c) Information Received Date 07.01.2023 Time 15.15hrs
   G.D. No. 281 At the Police Station: KHATRA
4. Type of information : Written / ~~Oral~~ WRITTEN
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. 1/2 K.M NORTH-EAST SIDE FROM PS
   (a) Address VILL- KHATRA PS- KHATRA DIST- BANKURA, J.L NO 192
   ANCHAL NO- KHATRA-I
   (b) In case outside Limit of this Police Station, then the name of P.S. X
   District X
6. Complaint/Informant :
   (a) Name GOUTAM GORAI
   (b) Father's / ~~Husband~~'s Name LATE- BABLU GORAI
   (c) Date / Year of Birth NOT NOTED
   (d) Nationality INDIAN
   (e) Address VILL- KHATRA (THANAGORA) PS- KHATRA DIST- BANKURA
7. Details of know / Suspected / Unknown / Accused with particulars (1) ADAYTA DUTTA S/O DINABANDHU
   (Attach separate sheet, if necessary) DUTTA (1) RAJU DEY S/O LT. KAMAL KRISHNA DEY
8. Reasons for delay in reporting by complaint / informant BOTH OF PODDARPARA PS- KHATRA, DIST- BANKURA
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) : X
10. Total value of Properties stolen / Involved : RS- 3,64,000 (THREE LACS SIXTY FOUR THOUSANDS)
11. Inquest report / U.D. : Case No., if any :
12. FIR Contents : (Attach separate sheet, if required) THE ORIGINAL WRITTEN COMPLAIN OF THE - COMPLAINANT WHICH IS TREATED AS FIR IS ATTACHE HEREWITH.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s. 406/420/467/468/471 IPC

registered the case and took up the investigation / directed SI Tapan Dalal ........ to take up the investigation

transferred to P.S. .......... On point of jurisdiction. FIR read over to the complaint / informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

(Signature) 07/01/23
Inspector-in-charge
Khatra Police Station
BANKURA

Goutam Gorai 7.1.23
Signature / Thumb Impression of the Complainant / Informant

Debasis Roy SI 07/01/23
Signature of the officer-in-charge, Police Station with
Name : DEBASIS ROY
Rank : S.I OF POLICE
Number if any KHATRA, BANKURA

To,
The I.C. Khatra Police Station
Khatra, Bankura

মহাশয়,

আমার বিনীত নিবেদন এই যে, আমি শ্রী গৌতম গরাই, পিতা- বাবলু গরাই, সাং- খাতড়া (থানাগোড়া), পোঃ + থানা- খাতড়া, জেলা- বাঁকুড়া এর স্থায়ী বাসিন্দা হইতেছি। আপনার অবগতির সহিত জানাই যে আমার পূর্বপরিচিত ১) শ্রী অদ্বৈত্ব দত্ত পিতা শ্রী দীনবন্ধু দত্ত ২) শ্রী ভজু দে পিতা কমল কৃষ্ণ দে সর্ব্বসাং- খাতড়া (পদ্দারপাড়া), পোঃ + থানা- খাতড়া, জেলা- বাঁকুড়া এর বাসিন্দাগন একযোগে মিলিত হয়ে আমার পূর্বপরিচিত হওয়ার সুবাদে আমার খাতরা থানাগোড়া স্থিত দোকানে আসে এবং আমাকে উক্ত দুই জন ব্যাক্তি তাদের নামিত জমি কেনার প্রস্তাব দেয় । আমি প্রথমে তাহাদের প্রস্তাবে রাজি হই নাই ।তখন তারা আমাকে প্রচন্ড জেদাজেদি শুরু করে এবং আমাকে নানা রকম প্রলোভন দেখিয়ে প্রলোভিত ও প্রভাবিত করতে থাকে । পরবর্তি ক্ষেত্রে তাদের প্রভাবে প্রভাবিত হয়ে তাদের প্রস্তাবে আমি রাজি হই । এমতাবস্থায় উপরোক্ত দুই ব্যক্তি আমাকে নিম্ন তপশীল এর (জেলা বাঁকুড়া, থানা খাতড়া, মৌলা শালবনী, জে.এল. নং ১৯৭, দাগ নং ১২১, পরিমান ৫ শতক) জমি দেখাতে নিয়ে যায় এবং বলেন এই জমি আমাদের নিজস্ব রেকর্ড ভুক্ত জমি । এই জমি তুমি নাও । নির্ধারিত সঠিক মূল্যেই তোমাকে এই জমি বিক্রয় করিয়া দিব । এইরুপে উক্ত তপশীল বর্নিত সম্পত্তি ৫ শতক পরিমানের দাম নির্ধারিত হয় মোট ৩,৬৪,০০০/- (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা । এমতাবস্থায় উপরোক্ত দুই ব্যাক্তি আমাকে বলেন যে তুমি জমির দাম বাবদ মোট ৩,৬৪,০০০/- (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা আমাদের দিয়ে দাও কিছু দিনের মধ্যে উক্ত তপশীল বর্নিত সম্পত্তি আমরা দুই জন তোমাকে দলিল করিয়া রেজেষ্ট্রী করিয়া দিব ।পূর্ব পরিচিত হ ওয়ায় শ্রী অদ্বৈত্ব দত্ত ও শ্রী ভজু দে এর কথা মতো আমি সরল বিশ্বাসে তাদেরকে উক্ত জমি বাবদ নগদ ৩,৬৪,০০০/- (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা গত ইং ২৩/০৩/২০২২ তারিখ প্রদান করি । কিন্তু পরবর্তী সময়ে উক্ত দুই ব্যক্তিকে আমি জমি দলিল রেজেষ্ট্রী করিয়া দিতে বলিতে তাহারা আজ দেব কাল দেব বলে কালগৌন করিতে থাকেন ।

P.T.O.

পরবর্তী কালে আমি খবর নিয়ে জানতে পারি উপরোক্ত তপশীল বর্নিত যে সম্পত্তি (জমি) আমাকে বিক্রয় করিব বলিয়া নগদ ৩,৬৪,০০০/- (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা আমার নিকট থেকে নিয়েছেন ঐ সম্পত্তি উপরোক্ত দুই জনের নামিত ও রেকর্ড ভুক্ত সম্পত্তি নয় । এরপর আমি তাদের কে আমার টাকা ফেরৎ চাইলে উক্ত ব্যক্তিগন একটি ১০ টাকার নন জুডিসিয়াল স্টেম্প পেপারে সই সাক্ষর করে স্বীকার ও অঙ্গিকার করেন যে ০৭/১১/২০২২ তারিখের মধ্যে জমি রেজেষ্ট্রী করিয়া দিবেন । এর জমি রেজেষ্ট্রী করিয়া দিতে না পারিলে উক্ত ৩,৬৪,০০০/- (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা আমাকে ফেরৎ করিবেন । কিন্তু আজ পর্যন্ত উক্ত ব্যক্তিগন আমাকে কোন জমি রেজেষ্ট্রী করে দেন নাই ও আমার দেওয়া ঐ ৩,৬৪,০০০/- (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা ফেরৎ দেন নাই ।

তাই আমার দৃঢ় বিশ্বাস যে জাল ও নকল কাগজপত্র দেখিয়ে আমাকে ভুল বুঝিয়ে আমার সরল বিশ্বাসের সুযোগ নিয়ে আমার বিশ্বাসে আঘাত করিয়া উক্ত ৩,৬৪,০০০/- (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা উপরোক্ত দুইজন ব্যক্তি একত্রে মিলিত হয়ে সম্পূর্ন আত্মসাৎ করিয়াছে । এই রুপে আমার সাথে বিশ্বাস ঘাতকতা করিয়া উক্ত দুই ব্যক্তি জমি দলিল রেজেষ্ট্রী করিয়া দিব বলিয়া জমি দলিল রেজেষ্ট্রী না করে এবং নগদ ৩,৬৪,০০০/- (তিন লক্ষ চৌষট্টি হাজার) টাকা আত্মসাৎ করিয়া প্রতারনা করিয়া আমাকে চরম রুপে প্রতারিত করিয়াছে ।

অতএব মহাশয়ের নিকট আমার বিনীত অনুরোধ উপরোক্ত দুই জন বিশ্বাস খাতক ও প্রতারক ব্যক্তিগনের বিরুদ্ধে যাহাতে আইনগত ব্যবস্থা গ্রহন করা হয় তাহার সুব্যবস্থা দানে মর্জ্জি হয়। উক্ত ঘটনায় মানসিক ভাবে বিপর্যস্থ হওয়ার কারনে এই অভিযোগ দিতে কিছু দেরী হল ।

তারিখঃ-

7.1.23

ইতি,

বিনীত

গৌতম গরাই

9932380456

Received on 07.01.23 at 15:15 hrs
started Khatra PS Case
No. 05/23 dt 07.01.23
u/s 406/420/467/468/471 IPC

[signature]
07/01/23